শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

**সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের [illegible]তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২.১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রমের অংশ হিসেবে পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচি GOB Maintenance এর ৩টি, IRIDP-3 প্রকল্পের আওতায় ৮টি সড়কের যথাক্রমে মেরামত ও উন্নয়ন কাজের দরপত্র ইতোমধ্যে আহবান করা হয়েছে এবং Flood প্রকল্পের আওতায় ৫টি রাস্তার প্রেরিত প্রস্তাবনের মধ্যে ঢাকাদক্ষিণ-শাহবাগ-[illegible] সড়কের প্রস্তাবনা অনুমোদন পাওয়া গিয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে।<br>তিনি আরো জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২৩-২০২৪ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অত্র দপ্তরের স্মারক নং-৪৬.০২.৯১০৮.০০০.১৪.১২৮.২০২৩-[illegible] তারিখঃ ০১/০৮/২০২৩খ্রিঃ মারফত গত অর্থ বছরে গৃহীত প্রকল্প তালিকার মধ্য হতে গুরুত্বপূর্ণ প্রকল্পের সহিত নতুন ভাবে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ প্রকল্পের তালিকা সমন্বয় করত প্রকৌশলী বরাবরে দাখিলের জন্য ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছিল। তার মধ্যে শরীফগঞ্জ ইউনিয়ন ব্যতিত অন্য কোন ইউনিয়নের প্রকল্পের তালিকা অদ্যাবধি পাওয়া যায়নি।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গোলাপগঞ্জ উপজেলায় প্রায় ১০৮ জন বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের যথাযথ পরিচর্যা ও পড়ালেখা চালিয়ে নেয়ার লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (অর্থায়নকারী সংস্থা-JICA) (৫ম পর্যায়) উপজেলা পরিষদের পূর্ব পার্শ্বে ৪ কক্ষ বিশিষ্ট একটি একতলা ভবন নির্মাণ কাজ ইতোমধ্যে ১০০ ভাগ সম্পন্ন | গোলাপগঞ্জ উপজেলার অভ্যন্তরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (JICA) (৫ম পর্যায়) এর অর্থায়নে সদ্য নির্মিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পড়ালেখার জন্য ৪ কক্ষ বিশিষ্ট একতলা ভবনের নির্মাণ কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন হওয়ায় বিল পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) এর আওতায় বর্ণিত ৩ (তিন) টি উপ-প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪ শহীদ মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবরে প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সাথে প্রকল্প কর্মকর্তাকে (ইউডিপিএম) সার্বক্ষণিক | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স তাসনিম এন্টাপ্রাইজ, ইসলামাবাদ, চৌধূরী বাজার, গোলাপগঞ্জ, সিলেট ভ্যাট ও আয়কর ব্যতিত ৩৯,৮৮,৩৬৩.০০ টাকা এবং ভ্যাট ৩,৩৪,২২১.০০ এবং আয়কর ১,৩৩,৬৮৯.০০ টাকা সহ মোট ৪৪,৫৬,২৭৩.০০ (ছেচল্লিশ লক্ষ ছাপ্পান্ন হাজার দুইশত তেরাত্তর) টাকার বিল দাখিল করেছেন। যাহা পরিশোধের লক্ষ্যে পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (৬ষ্ট পর্যায়) এর জন্য ৪(চার)টি উপ-প্রকল্প প্রস্তাবনা ১৬ আগস্ট ২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটিতে প্রস্তাব করা হয়। বাছাই কমিটি ভ্যাট ও আয়কর বাদে ৩০,০০,০০০.০০ (ত্রিশ লক্ষ) টাকার ৩(তিন) টি উপ-প্রকল্প চুড়ান্তভাবে নির্বাচন করেন। প্রকল্পসমূহ হলো (১) (ক) গোলাপগঞ্জ উপজেলার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বায়োকেমিক্যাল এনালাইজার মেশিন ও একটি সেল কাউন্টার মেশিন স্থাপন, (খ) গোলাপগঞ্জ উপজেলার ফুলবাড়ী ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে IPS সরবরাহ, (গ) গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে ভিজিটর বেঞ্চ সরবরাহ ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা (২) (ক) গোলাপগঞ্জ উপজেলার ঢাকাদক্ষিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিদ্যমান টিন সেড ভবন মেরামত ও (খ) গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু বেঞ্চ সরবরাহ ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা এবং (৩) গোলাপগঞ্জ উপজেলাধীন আমুড়া ইউনিয়নের শিকপুর-উপর বাগুয়া সড়কের ইট সলিংয়ের প্রান্ত থেকে সিসি দ্বারা উন্নয়ন ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা। যাহা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন। | সহায়তা করার জন্য অনুরোধ করা হয়। | |
| ২.২ | স্বাস্থ্য বিভাগ | সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান,জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত ১৫৫৩ জন,বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১১০৩৭জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৫০১ জন,নরমাল প্রসব সেবা ৭৩ জন,ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ল্যাবরেটরী১৪৮ জন, ইসিজি ১৮৩ জন, এক্সরে ৯ জন,আলট্রাসনোগ্রাফী ৪ জন ও এম্বুলেন্স সেবা গ্রহনকারী ১০ জন,সিজারিয়ান অপারেশন সেবা চলমান রয়েছে। | বহিঃবিভাগ ও আন্তঃবিভাগের রোগীদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান সহ স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য সহকারী উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২.৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, আগষ্ট/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৫০০৯৯ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৭৭৩, হার ৭৯.৩৯%। গর্ভকালীন সেবা ১০৯২ জন, প্রসব সেবা ৬৫ জন, গর্ভোত্তর সেবা ২৯৯ জন, শিশু সেবা ৭০৭ জন, রোগী ২৮৭৭ জন, জীবিত জন্মের সংখ্যা ১১৮জন, মৃত্যুর সংখ্যা ৮৬ জন, সর্বমোট গর্ভবতী ১০০১ এবং মোট প্রবাসী দম্পত্তি ৫৫৮১ জন। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২.৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আগামী রবি মৌসুমে ৬৮৭ হেক্টর জমিতে সরিষা আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। উপজেলা পরিষদের অর্থায়নে ৩,০০,০০০/- টাকার সরিষা বীজ বিতরনের সিদ্ধান্ত হয়। এক্ষেত্রে ২০২৩-২৪ অর্থবছরে গোলাপগঞ্জ উপজেলার ফুলবাড়ি,লক্ষীপাশা,লক্ষনাবন্দ | ২০২৩-২৪ অর্থবছরে সরিষা বীজ বিতরনের জন্য ৩,০০,০০০/-বায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও শরীফগঞ্জ ইউনিয়নে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা বীজ বিতরনের প্রাক্কলিত ব্যয় ১,৫০,০০০/- এবং বাঘা, গোলাপগঞ্জ,বুধবারীবাজার,ঢাকাদক্ষিন,ভাদেশ্বর,আমুড়া ও বাদেপাশা ইউনিয়নের জন্য প্রাক্কলিত ব্যয় ১,৫০,০০০/-টাকা প্রস্তাব করা হচ্ছে।বর্তমান মৌসুমে আমন ধানের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১০৪৬৫ হেক্টর,অর্জন ১১৫৯১ হেক্টর জমি। আগামী রবি মৌসুমে প্রনোদনা প্যাকেজ সুষ্টুভাবে বিতরনের লক্ষ্যে জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করা হয়। | গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি,উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা, | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারবাহিকতা অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি . উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ২০২৯ ,হাঁস মুরগীর চিকিৎসা ১২৭১৮, কৃত্রিম প্রজনন ১৩৫। গবাদি পশুর টিকা প্রদান ৬০০টি, হাঁস মুরগীর টিকা প্রদান ১৮,০০০ উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ৩ একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি। ভেকসিনেশন ক্যাম্পেইন ৪ টি। শরীফগঞ্জ প্রাণীসম্পদ উপকেন্দ্রের জন্য ওষধ ও যন্ত্রপাতি ক্রয় বাবদ ১.৫ লক্ষ টাকা পরিষদ থেকে বরাদ্দ প্রদানের জন্য সভায় আলোচনা হয়। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্য কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন এবংশরীফগঞ্জ প্রাণীসম্পদ উপকেন্দ্রের জন্য ওষধ ও যন্ত্রপাতি ক্রয় বাবদ ১.৫ লক্ষ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে বরাদ্দ প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, প্রাথমিক শিক্ষার দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবেই চলমান। গত ৩০/৮/২৩ খ্রিঃ পর্যন্ত ২য় প্রান্তিক মূল্যায়ন কার্যক্রম চলছিল। এখন পুরোদমে সকল প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণী কার্যক্রম চলমান। | প্রান্তি মূল্যায়ন কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, এইচএসসি ও আলীম ২০২৩ খ্রিঃ পরীক্ষা চলমান আছে। এখন পর্যন্ত কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনাই। তবে ভাদেশ্বর মহিলা কলেজ কেন্দ্রে একজন পরীক্ষার্থীর সাথে অপ্রয়োজনীয় কিছু কাগজ থাকায় তাকে কেন্দ্র হতে বহিস্কার করা হয়।আগামী ১৭-২৩ সেপ্টেম্বর/২০২৩ জাতীয় কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ পালন করা হবে। সকল শিক্ষা প্রতিষ্টানকে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিতে অনুরোধ জানানো হয়। জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা | এইচএসসি ও আলিম পরীক্ষার ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সমিতির ৫০ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা আজ সম্পন্ন হবে। | | |
| ২/১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য)সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরের সঠিক উপকারভোগী যাচাই ও উপকারভোগী প্রতিস্থাপনের কাজ চলছে। সেই সাথে উপকারভোগীদের সঠিক তথ্য যাছাইয়ের জন্য প্রত্যেক ইউপি পর্যায়ে লাইভ ভেরিফিকেশন চলছে সেখানে ভাতাভোগীর মৃত্যুজনিত প্রতিস্থাপন, একাউন্ট নাম্বার পরিবর্তন ও বিধবা ভাতাভোগীর সঠিক তথ্য উপস্থিতিতে যাছাই করা হবে। এছাড়া গত ১০/৮/২৩ খ্রিঃ তারিখ থেকে অনলাইনে ভাতা প্রাপ্তির জন্য আবেদন শুরু হয়েছিল যা ১০/৯/২৩ খ্রিঃ তারিখে শেষ হয়। তবে বয়স্ক ও বিধবা ভাতা ভোগীর আবেদন বন্ধ হয়ে গেল এবং প্রতিবন্ধী উপকারভোগীরদের আবেদন এখনো চলমান যা আগামী ২০/৯/২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। এক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। | ভাতাভোগীর টাকা সঠিক মোবাইল একাউন্টে প্রেরনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষন ও ঋণের কার্যক্রম শুরু হয়নি। আশা করছি আগামী মাসে সার্বিক যুব কার্যক্রমের প্রশিক্ষন সহ অন্যান্য কার্যক্রম শুরু হবে। যুব ঋণ প্রদান, ঋণের কিস্তি আদায়, যুব সংগঠন রেজিষ্ট্রেশন সহ আত্নকর্মী গড়ে তুলার সার্বিক কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন । পরবর্তী ঋণ প্রদান ও প্রশিক্ষন সংক্রান্ত বিষয়ে উপজেলা পরিষদকে আবশ্যিকভাবে সম্পৃক্ত করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে ঋণ আদায়ের পরিমাণ ৫,৮৭,০০০/-।বিতরন এখনও শুরু হয়নি। প্রশিক্ষনের বরাদ্দ পাওয়া যায়নি। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ সনের মোট কার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৫০ টি এর মধ্যে চলতি মাস পর্যন্ত ৩০ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে।সিভিডিপি প্রকল্পের আওতায় ৪০ জনকে ১২ মাস ব্যাপী আইজিএ প্রশিক্ষন প্রদান করা হচ্ছে। আগামী মাসে ২০ জনকে আইজিএ মহিলা টেইলারিং কোর্সে প্রশিক্ষনে প্রেরণ করা হবে। | নির্ধারিত সময়ের মধ্যে সমিতির শতভাগ অডিট কার্য সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, ভিডব্লিউবি খাতে জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর/২০২৩ মাসের বরাদ্দ পাওয়া গেছে। তিনটি ভিন্ন তারিখে তিন মাসের চাল বিতরন নিশ্চিত করতে সকল ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ করা হলো। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান,বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। আগষ্ট/২৩ মাসে ০৫ টি ট্রান্সফর্মার চুরি হয়েছে। ট্রান্সফর্মার চুরি রোধে মাইকিংকরন এবংমাঠ পর্যায়ে সভা করে সম্মানিত গ্রাহকগণকে সচেতন করা হচ্ছে। বিদ্যুৎ সরবরাহ লাইনের পাশে গাছপালা বৃদ্ধি পেয়েছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার স্বার্থে গাছপালা কর্তন কার্যক্রম গ্রহন করা হয়েছে।এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে। | ট্রান্সফর্মার চুরি রোধে জনসচেতনতা বৃদ্ধি মাইকিংকরনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, পল্লীসঞ্চয় ব্যাংক গোলাপগঞ্জ শাখার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন আদায় এর লক্ষমাত্রা এক কোটি পচানব্বই লক্ষ টাকা, অর্জন এক কোটি চুয়ান্ন লক্ষ টাকা, বিতরন এর লক্ষমাত্রা দুই কোটি নয় লক্ষ ষাট হাজার টাকা, অর্জন এক কোটি তেতাল্লিশ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারমান |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থবছরে আগষ্ট/২৩ পর্যন্ত ঋন বিতরন ৪১ লক্ষ ২০ হাজার টাকা, ঋণ আদায় ৫২ লক্ষ ৩৬ হাজার টাকা। আদায়ের হার ৯৯%।সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমাণ ১ কোটি ১২ লক্ষ ৪০ হাজার টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারমান |
| ২/২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় বলেন, বাংলাদেশের প্রথম টিলায় স্প্রিংকলার সেচ প্রকল্প আলভীনা গার্ডেনে সুষ্টু ও সফল ভাবে চালু হয়।এছাড়াও ফাজিলপুর মৌজায় আরো একটি আরো একটি চালু হয়। আরো দুটি স্প্রিংকলার সেচের কার্যক্রম চলমান আছে। ইউনিয়ন চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করেন কয়েকটি ২ কিউসেক পাম্প,মটরসহ, বাড়িভ পাইপ লাইন নির্মান করা হবে।, আগ্রহী কৃষক থাকলে যোগাযোগ করা জন্য অনুরোধ করেন। | সম্মানিত ইউনিয়ন চেয়ারম্যানগণ আগ্রহী কৃষক পেলে যোগাযোগ করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | বিবিধ | ক) আমুড়া ইউপি চেয়ারম্যান সভায় জানান, পশ্চিম আমুড়া ইউনিয়নের অন্তর্গত ধারাবহর গ্রামে সরকারী খেলার মাঠ নির্মানের জন্য এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ ৭ টি দলিলের মাধ্যমে রেজিষ্টারী সাফকবালা মূলে ৩১২ শতক ভূমি ১৯৮৮ ইং সনে সরকারের বরাবরে দান করেছেন। উল্লেখিত স্থানে পূর্ব থেকেই | ক) আলোচনান্তে পশ্চিম আমুড়া ইউনিয়নের খেলার মাঠ এবং ভূমিহীন লোকের জন্য আশ্রয় কেন্দ্র নির্মাণের বিষয়টি সরজমিনে তদন্তপূর্বক | ক) চেয়ারম্যান উপজেলাপরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /সহকারি কমিশনার (ভূমি), উপজেলা প্রকৌশলী,সংশ্লিষ্ট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্থানীয় যুবক ও তরুনরা খেলা ধুলা করে আসছেন।উল্লেখিত স্থান বর্তমানে প্রস্তাবিত শেখ রাসেল মিনি ষ্টেডিয়াম নামে এলাকার জনসাধারনের কাছে পরিচিত। উক্ত খেলার মাঠের ৩১১ শতক ভূমি খেলার মাঠ হিসাবে সকল জায়গা সরকারের নামে বিএস জরিপে ছাপা খতিয়ান হয় নাই। সরকারের নামে খেলার মাঠ হিসাবে রেকর্ড হাল নাগাদ করা দরকার এবং সরজমিনে মাঠের জায়গা একোয়ার করে সীমানা প্রাচীর নির্মাণ করা ও মাঠে ভরাট উন্নয়নের জন্য বরাদ্দ প্রদানের প্রস্তাব করছি।এছাড়া ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন ২০০৯ ইং সনে নির্মানের পর মেরামতের কাজ করা হয় নাই। বর্তমান সরকারের বরাদ্দ ৯৯০০০০/- টাকা দিয়ে মেরামতের কাজ চলছে। ইউনিয়ন অফিসের অবস্থা অত্যান্ত খারাপ উক্ত বরাদ্দ দ্বারা সম্পূর্ন মেরামতের কাজ সম্ভব হচ্ছেনা। যে সব কাজ মেরামতের যোগ্য কিন্তু বরাদ্দ দ্বারা সম্পূর্ণ করা যাচ্ছেনা তাহা ইষ্টিমেট করে উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদান করে ইউনিয়ন অফিসের মেরামতের কাজ সম্পূর্ন করার প্রস্তাব করছি।পশ্চিম আমুড়া ইউনিয়নের ভূমিহীন লোকের নামের তালিকা ৪২ জনের নাম ইউনিয়ন অফিসে আছে। তার মধ্যে ৫ জন লোক ঘর পেলে ইউনিয়নের বাহিরে যেতে ইচ্ছুক। বাকিরা ইউনিয়নের বাহিরে যেতে রাজি নয়।পশ্চিম আমুড়া ইউনিয়নের অর্ন্তগত খাস জমি চিহ্নিত করে ভূমিহীন লোকের জন্য আশ্রয় কেন্দ্র নির্মাণ করে ঘর দেওয়ার প্রস্তাব করেন।<br>খ) উপজেলা পরিষদের ডিজিটাল সাইনবোর্ড বাবদ ২৪৯০০/- ,ডিজিটাল বিলবোর্ড স্থাপন বাবদ ২৫০০০/-,অফিস ভবন মেরামত বাবদ ২২০০০/-,ভবন মেরামত বাবদ ২২৬২০/-, মেরুন কালার নোটপ্যাড তৈরি বাবদ ২৫০০০/-, নোট প্যাড তৈরি বাবদ ২২৫০০/-,আসবাবপত্র মেরামত বাবদ ২৪৭০০/- এবং ২৫০০০/-,পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ ২৪,৩৫০/-, বুক সেল্ফ বাবদ ২৪৯০০/-এবং ৪ টি ভিজিটর চেয়ার বাবদ ২৫০০০/-, স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষ্যে ২৫০০০/-, সিসি ক্যামেরার সরঞ্জাম ক্রয় ও মেরামত বাবদ ২৫০০০/- ও ২০৮৫০/-, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪৯০০/- ও ২৪৭০০/- এবং অফিস সরঞ্জাম মেরামত বাবদ ২৪৭০০/- টাকার বিল সভার অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারি কমিশনার (ভূমি) কে অনুরোধ করা হয় এবংইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানের বিষয়ে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>খ) আলোচনান্তে উপজেলা পরিষদের ডিজিটাল সাইনবোর্ড বাবদ ২৪৯০০/-,ডিজিটাল বিলবোর্ড স্থাপন বাবদ ২৫০০০/-,অফিস ভবন মেরামত বাবদ ২২০০০/-,ভবন মেরামত বাবদ ২২৬২০/-, মেরুন কালার নোটপ্যাড তৈরি বাবদ ২৫০০০/-, নোট প্যাড তৈরি বাবদ ২২৫০০/- ,আসবাবপত্র মেরামত বাবদ ২৪৭০০/-, আসবাবপত্র মেরামত বাবদ ২৫০০০/- ,পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ ২৪,৩৫০/- , বুক সেল্ফ বাবদ ২৪৯০০/-এবং ৪ টি ভিজিটর চেয়ার বাবদ ২৫০০০/-, স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষ্যে ২৫০০০/-, সিসি ক্যামেরার সরঞ্জাম ক্রয় ও মেরামত বাবদ ২৫০০০/- ও ২০৮৫০/-, অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪৯০০/- ও ২৪৭০০/- এবং অফিস সরঞ্জাম মেরামত বাবদ ২৪৭০০/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ<br>খ) চেয়ারম্যান উপজেলাপরিষদ / উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | | জনাব রাহেল আহমদের অনুকূলে পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪৬০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৩৩ তাং১/৮/২৩। রাহেল আহমদের অনুকূলে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২০১০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৩৪ তাং১/৮/২৩।আব্দুল সোবহান ও ফাহিমা বেগম এর জুলাই/২৩ মাসের মজুরী বাবদ (১১৫৫০+১১৫৫০) চেক প্রদান চেক নং৭৩৮৯৩৩৮-৯ তাং১/৮/২৩। রাহেল আহমদের অনুকূলে আগষ্ট/২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০০০০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৪০ তাং১০/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে সিসিটিভি ক্যামেরা ক্রয় বাবদ ৬৭৮০০/- চেক প্রদান চেক নং | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ৭৩৮৯৩৪১ তাং১৪/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৪৭৫০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৪২ তাং২০/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে বাংলোয় কম্পিউটার সরঞ্জামাদি ক্রয় বাবদ ২৪৮৫০/- চেত প্রদান চেক নং ৭৩৮৯৩৪৩ তাং২১/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ২৪৯০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৪৪ তাং ২১/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে কম্পিউটার সরঞ্জামাদি ক্রয় বাবদ ২৪৫৫০/-চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৪৫ তাং২১/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে টেবিল ক্রয় বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৪৮ তাং২২/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে চেয়ার ক্রয় বাবদ ২৪৯০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৪৯ তাং ২২/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে আসবাবপত্র ক্রয় বাবদ ২৪৮০০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৫০ তাং২২/৮/২৩।রাহেল আহমদের অনুকূলে আনসারদের চেয়ার ক্রয় বাবদ ২৫০০০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৫১ তাং ২২/৮/২৩।জনাব মৌসুমী মান্নান উন্নয়ন কাজের দরপত্র মূল্যয়ন বাবদ ১৮৩৬০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৫২ তাং২৯/৮/২৩।জনাব মাহমুদুল হাসান উন্নয়ন কাজের দরপত্র মূল্যায়ন বাবদ ১৮৩৬০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৫৩ তাং ২৯/৮/২৩।জনাব মোঃ মাশরাফুল আলম উন্নয়ন কাজের দরপত্র মূল্যায়ন বাবদ ৮১০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৫৪ তাং ২৯/৮/২৩।জনাব দেওয়ান নাজমুল আলম উন্নয়ন কাজের দরপত্র মূল্যায়ন বাবদ ৮১০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৫৫ তাং ২৯/৮/২৩।জনাব শাহ মুহাম্মদ নুটন উন্নয়ন কাজের দরপত্র মূল্যায়ন বাবদ ৮১০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৫৬ তাং ২৯/৮/২৩।জনাব অনুপ কুমার প্রামানিক উন্নয়ন কাজের দরপত্র মূল্যায়ন বাবদ ১০২৬০/- চেক প্রদান চেক নং৭৩৮৯৩৫৭ তাং ২৯/৮/২৩।সম্মানির বিল এর আয়কর প্রদান চেক নং ৭৩৮৯৩৫৮ । রাহেল আহমদের অনুকূলে ইন্টারনেট বিল বাবদ ১৮০০০/- চেক প্রদান চেক নং ৭৩৮৯৩৫৯ তাং৩০/৮/২৩। | | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কমকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে সুস্বাস্থ্যের অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে হোক মেয়ে হোক একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবংসততা নিষ্টার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

CamScanner

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৮০৭ তারিখঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১।সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী----------------------------- সিলেট।
০৭। উপজেলা----------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান----------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাষ্টার ফাইল।


মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa


পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৪ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৯ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৫ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| | | | স্বাক্ষরিত |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | স্বাক্ষরিত |
| ৩২ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ৩৩ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ) | - | স্বাক্ষরিত |
| ৩৪ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | |
| ২ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | |
| ৩ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০২ | |
| ৪ | ফরেষ্টার,সামাজিক বনায়ন কেন্দ্র | |

CamScanner